education 24.net
study • news • worldwide

# ইউআইইউ ইন্টার কলেজ ফুটবল টুর্নামেন্ট

education24.net/ইউআইইউ-ইন্টার-কলেজ-ফুটবল-টুর্নামেন্ট/

October 16, 2018




নিজস্ব প্রতিবেদক।

প্রথমবারের মত অনুষ্ঠিত ইউআইইউ আন্তঃকলেজ ফুটবল টুর্নামেন্ট সেন্ট জোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়কে হারিয়ে চ্যাম্পিয়ন আইডিয়াল কলেজ ধানমন্ডি।

রোববার রাজধানীর বাড্ডায় ইউআইইউ খেলার মাঠে ৩-০ ব্যবধানে জয়ী হয় আইডিয়াল কলেজ ধানমন্ডি। ট্রফিসহ বিজয়ী দল পায় এক লাখ টাকা ও রানার্স আপ দল পায় পঞ্চাশ হাজার টাকা।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইউআইইউয়ের ভাইস চান্সেলর অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান, বিশেষ অতিথি ছিলেন সাইফ স্পোর্টিং ক্লাবের ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী নাসিরুদ্দিন চৌধুরী।

ইউআইইউ ডিরেক্টর অব স্টুডেন্ট অ্যাফেয়ার্স আয়োজিত এই টুর্নামেন্টে রাজধানীর স্বনামধন্য ১০টি কলেজ অংশ নেয়।